



সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/২৮৮

তারিখঃ ০১/০৩/২০১২ইং

প্রেস বিজ্ঞপ্তি


৪২২ তম (জরুরী) কমিশন সভা অদ্য ০১/০৩/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

পুঁজিবাজার তদন্ত কমিটির প্রতিবেদনের প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশে এ বিষয়ে অধিকতর তদন্তের জন্য ইতোপূর্বে কমিশন সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন নিয়ে আলোচনা হয়।

পেশকৃত তদন্ত প্রতিবেদনে কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ আনোয়ারুল কবীর ভূঁইয়ার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের স্বপক্ষে যথেষ্ট তথ্য উপাত্ত উপস্থাপিত হওয়াতে এবং এই অভিযোগ প্রমানিত হলে জনাব মোঃ আনোয়ারুল কবীর ভূঁইয়ার বিরুদ্ধে গুরু দণ্ড আরোপের সম্ভাবনা থাকায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯৫ এর প্রবিধান ৪৬ (১) এবং সংশ্লিষ্ট সরকারী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধি ও আদেশ অনুযায়ী পুনরাদেশ না দেয়া পর্যন্ত জনাব মোঃ আনোয়ারুল কবীর ভূঁইয়া, নির্বাহী পরিচালক কে কমিশনের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয় যা অবিলম্বে কার্যকর হবে। এছাড়া তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯৫ এর প্রবিধান ৪৪ মোতাবেক অভিযোগনামা প্রণয়নের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়। এ ব্যাপারে প্রশাসন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

এনবিএল সিকিউরিটিজ লিমিটেড কর্তৃক জনাব আনোয়ারুল কবীর ভূঁইয়ার স্ত্রীকে সীমা অতিক্রম করে মার্জিন ঋণ প্রদান এর বিষয়ে এসআরআই বিভাগ তদন্ত করে এনবিএল সিকিউরিটিজ লিমিটেড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লিখিত তদন্ত প্রতিবেদনে বর্ণিত কমিটির পর্যবেক্ষণ অনুযায়ী জনাব এ,টি,এম তারিকুজ্জামান, নির্বাহী পরিচালক এর বিরুদ্ধে পুঁজিবাজার কিংবা কমিশন প্রভাবিত হতে পারে এমন অনৈতিক অনাচারে জড়িত থাকার বিষয় তথ্য-প্রমাণ দ্বারা নিশ্চিত না হওয়ায় তাঁকে সংশ্লিষ্ট অভিযোগ থেকে অব্যাহতি দেয়া হয়। এ ব্যাপারে প্রশাসন বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।


০১/০৩/২০১২
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র